যুগান্তর

তারিখ 19 SEP 2016
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

# রাবিতে অনলাইনে ভর্তির আবেদন শুরু

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ২০১৬-১৭ শিক্ষা বর্ষে স্নাতক প্রথম বর্ষে ভর্তির আবেদন প্রক্রিয়া শুরু হয়েছে। রোববার দুপুর ১২টা থেকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইনে আবেদন শুরু হয়েছে। তা চলবে আগামী ২ অক্টোবর রাত ১২টা পর্যন্ত। শুধু ২০১৬ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণযোগ্য প্রার্থীরা আবেদন করতে পারবেন। ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে আবেদন ফি পরিশোধ করতে হবে।

১৬ অক্টোবর সকাল ১০টা থেকে বিশ্ববিদ্যালয়ের http://admission.ru.ac.bd এই ওয়েবসাইট থেকে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। ২৩ থেকে ২৭ অক্টোবর ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের আইসিটি সেন্টারের পরিচালক অধ্যাপক খাদেমুল ইসলাম মোল্যা রোববার দুপুরে যুগান্তরকে এসব তথ্য নিশ্চিত করেছেন। চলতি শিক্ষা বর্ষ থেকে দ্বিতীয়বার ভর্তির সুযোগ না থাকায় আবেদনের ন্যূনতম যোগ্যতা কমানো হয়েছে। তবে বিগত বছরের চেয়ে ৭টি ইউনিটে আবেদন ফি বাড়ানো হয়েছে। ৯টি ইউনিটে ভাগ করে ভর্তি পরীক্ষা নেয়া হবে। ৫৬টি বিভাগ ও দু'টি ইন্সটিটিউটে ৪ হাজার ৭৩ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবেন।

**আবেদন ফি :** 'এ' ইউনিটে আবেদন ফি ৭৭০ টাকা, 'বি' ইউনিটে ৩৩০ টাকা, 'সি' ইউনিটে ৭১৫ টাকা, 'ডি' ইউনিটে ৫৫০ টাকা, 'ই' ইউনিটে ৮২৫ টাকা, 'এফ' ইউনিটে ৬০৫ টাকা, 'জি' ইউনিটে ৪৪০ টাকা, 'এইচ' ইউনিটে ৫৫০ টাকা এবং 'আই' ইউনিটে ৩৯০ টাকা ফি ধার্য করা হয়েছে। অনলাইনে আবেদন করতে হলে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে সব তথ্য পাওয়া যাবে।

**বিশ্ববিদ্যালয় খুলছে আজ :** ঈদুল আজহার ছুটি শেষে আজ থেকে যথারীতি ক্লাস-পরীক্ষা শুরু হচ্ছে। রোববার সকাল ৯টায় শিক্ষার্থীদের সব আবাসিক হল খুলে দেয়া হয়। এদিন প্রশাসনিক কার্যক্রমও চালু হয়েছে। বিশ্ববিদ্যালয় পরিবহনের বাস যথারীতি সব রুটে ছেড়ে যাবে। রোববার প্রশাসনিক কার্যক্রমও শুরু হয়েছে। ৭ সেপ্টেম্বর থেকে ১৮ সেপ্টেম্বর পর্যন্ত বিশ্ববিদ্যালয় ছুটি ছিল।